

কেন্দ্রীয় ইন্ডাস্ট্রিয়াল

তারিখ
 গণ্য *S. B. M.*

প্রধান শিক্ষিকার অপসারণ দাবী
নারায়ণগঞ্জে মর্গ্যান
স্কুলে ছাত্রীদের বিক্ষোভ
অবরোধ

নারায়ণগঞ্জ মহানগরসভা ৯ মর্গ্যান উচ্চ
 বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকার অপসারণের
 ঘটনাকে কেন্দ্র করে স্কুলে অচলাবস্থা সৃষ্টি
 হয়েছে। বৃহস্পতিবারও স্কুলের শিক্ষক-শিক্ষিকা
 ও ছাত্রীরা দ্বিতীয় দিনের মত পরীক্ষা বর্জন করে
 প্রধান শিক্ষিকার কক্ষে তালি কুলিয়ে দেয় ও তার
 বাসভবন অবরোধ করে রাখাে।

বৃহস্পতিবার সকালে ছাত্রীরা স্কুলে এসে
 প্রধান শিক্ষিকা সাবিন্দুনাহার হাসমত পরি
 অপসারণ ও তার স্বামী হাসমত উল্লাহর বিচারের
 দাবীতে পরীক্ষা বর্জন করে বিক্ষোভ মিছিল শুরু
 করে। প্রধান শিক্ষিকা ছাত্রীদের ক্রীসে যাওয়ার
 আহ্বান জানালে ছাত্রীরা তাকে অফিস কক্ষে
 আটক করে রাখে। পুলিশ এসে তাঁকে উদ্ধার
 করে স্কুলের কোয়ার্টারে পৌছে দেয়। এসময়
 ছাত্রীরা প্রধান শিক্ষিকার কক্ষে তালি কুলিয়ে দেয়
 ও তার বাসভবন অবরোধ করে। প্রোগান দেয়।
 তারা ইউ.পাটকেল নিষ্কেপ করে। ছাত্রীদের
 অভিযোগ, এ সময় প্রধান শিক্ষিকার ছেলে
 কয়েকজন ছাত্রীকে মারধর করে। ৬ষ্ঠ শ্রেণীর
 ছাত্রী রাবানা আহম্মদ চাঁদনী ও নৌ অভিযোগ
 করেছে। প্রধান শিক্ষিকার ছেলে আনন্দ
 বহিরাগভনের নিয়ে তাদের মারধর করেছে।
 এদিকে ২৫১ জন ছাত্রী স্কুলের পরিচালনা
 পরিষদের সভাপতি, জেলা প্রশাসকের কাছে
 লিখিতভাবে অবিলম্বে প্রধান শিক্ষিকার পদত্যাগ
 দাবী করেছে।